

ঢাকা ওয়াসা


ক্রঃ নং-১
ক্রঃ নং-২


২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
প্রাক্কলন।


বিষয়: Leakage repair and Contaminated water removal works DMA-1015A &1015B HDPE water line under MODS Zone-10 Dhaka WASA .


১। উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন উত্তরা ওয় পর্ব এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক অত্যাধুনিক HDPE পানির পাইপের মাধ্যমে DMA বাস্তবায়ন করা হয়েছে। DMA বাস্তবায়নের পর পানির পাম্প সমূহ স্থাপন করা হয়েছে। আবাসন ব্যবস্থা গড়ে না উঠায় বাস্তবায়িত নেটওয়ার্কে প্রায় এক বছর পানি সরবরাহ করা হয়নি। পরবর্তীতে রাজউক কর্তৃক রাস্তা সহ অন্যান্য ধরনের উন্নয়ন মূলক কাজ করার সময় এক্সভেটর দ্বারা বিভিন্ন স্থানে পানির লাইন ক্ষতিগ্রস্ত হয়। বর্তমানে বর্ণিত এলাকায় বসত বাড়ী গড়ে উঠায় পানির পাম্প সমূহ চালানোর প্রয়োজন হচ্ছে। পানির লাইন বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রায়শই লিকেজের স্থান দিয়ে পানি বের হচ্ছে। লিকেজ মেরামত কাজ করণ কালে দেখা যায় ২০-৩০ ফুট পানির লাইন নাই। কিছু কিছু জায়গায় ক্ষতিগ্রস্ত পানির লাইনের পরিমাণ আরো বেশি। ক্ষতিগ্রস্ত পানির লাইনে প্রেসার কম থাকলে ময়লা পানি প্রবেশ করে। পানির অপচয় রোধ এবং ময়লা দূরীকরণে জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত পানির লাইন সমূহ মেরামত করা প্রয়োজন। সেই লক্ষ্যে ঠিকাদার কর্তৃক মালামাল সরবরাহ ধরে ঢাকা ওয়াসার অনুমোদিত রেট সিডিউল-২০১১, PWD রেট সিডিউল-২০২২ ও পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ ৪,৯৯,৮৪৩.৮৬১ (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত তেতাল্লিশ দশমিক আট ছয় এক টাকা মাত্র) টাকা (ক্রঃ নং-২ এ প্রাক্কলন)। আলোচ্য কাজটি PPA-06, এবং PPR-08 (Amendment), BPR অনুসরণে e-GP (e-Government Procurement) এর Limited Tendering Method (LTM) এ দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। আলোচ্য কাজটি মডস জোন-১০ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় ক্রমিক-PW-৩৭ এ অন্তর্ভুক্ত আছে এবং কাজটির ব্যয়ভার পানির পাইপ লাইন রক্ষণাবেক্ষণ খাত (০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে (ক্রঃ নং-১ এ ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি)।

২। এমতাবস্থায়, "Leakage repair and Contaminated water removal works DMA-1015A &1015B HDPE water line under MODS Zone-10 Dhaka WASA." শীর্ষক কাজটি e-Government procurement (e-GP) এর মাধ্যমে Limited Tendering Method (LTM) এ সম্পাদনের নিমিত্তে প্রাক্কলিত টাঃ ৪,৯৯,৮৪৩.৮৬১ (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত তেতাল্লিশ দশমিক আট ছয় এক টাকা মাত্র) টাকার সদয় অনুমোদন দেওয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।


০৭/০৮/২৫
মোস্তাফিজ বিপ্লব আলমগীর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০, ঢাকা ওয়াসা।


০৭/০৮/২৫
Manik Chandra Mohanayok
Assistant Engineer
MODS Zone-10
Dhaka WASA


১৭/০৮/২৫
মোঃ এরশাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০, ঢাকা ওয়াসা।


১৭/০৮/২৫
প্রকৌশলী মোঃ শাহ আল-
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

০৬/০৮/২৫
মোঃ আব্দুল হান্ন
১৭/০৮/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপা
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা